



# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

Registration No-190/18, 1984-85.

Head Office: House# 53/1, 3<sup>rd</sup> Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000  
Mobile: +8801711339297, E-mail: admin@nascib.org; ceo@nascib.org; Website: <https://nascib.org>

স্মারক নম্বরঃ নাসিব/প্রকা/প্রশাসনিক/ঘ-১০৪/০১/৬৮৯

তারিখঃ ১৯ ফেব্রুয়ারি ২০২৬

বরাবর

জনাব খন্দকার আব্দুল মুজাদির

মাননীয় মন্ত্রী

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

## অভিনন্দন বার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ “বস্ত্র ও পাট মন্ত্রণালয়”-এর দায়িত্বভার গ্রহণ করায় “জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)”-এর পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা।

আপনার মতো একজন সং, বিচক্ষণ ও কর্মঠ ব্যক্তিত্বের সুদক্ষ ও গতিশীল নেতৃত্বে এই মন্ত্রণালয় তার কাজক্ষত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে। আমরা আশাবাদী যে, আপনার দূরদর্শী নির্দেশনায় বাংলাদেশের বস্ত্র ও পাট খাত নতুন উচ্চতা স্পর্শ করবে এবং আমাদের প্রিয় মাতৃভূমি একটি উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে মর্যাদার আসনে অভিষিক্ত হবে।

বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক রূপান্তরের এই গুরুত্বপূর্ণ সময়ে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি পক্ষ হতে ঘোষিত “সবার আগে বাংলাদেশ” প্রতিশ্রুতি এবং রাষ্ট্রকাঠামো সংস্কারের লক্ষ্যভিত্তিক নীতিগত অঙ্গীকার আমাদের কাছে একটি সুদূরপ্রসারী ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন দর্শনের প্রতিফলন হিসেবে প্রতীয়মান হয়েছে। বিশেষত **ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনী ইশতেহার-২০২৬** ও উন্নয়ন কর্মপরিকল্পনায় অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাতের জন্য শিল্পখাত উন্নয়ন, বিনিয়োগ ও উদ্যোক্তা উন্নয়ন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে সুযোগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, যুব উন্নয়ন, আঞ্চলিক উন্নয়ন, সৃজনশীল অর্থনীতি তৈরীর প্রতিশ্রুতি জাতীয় অর্থনীতির ভিত্তিকে শক্তিশালী করার ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে বিবেচিত হতে পারে।

উল্লেখ্য, “জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)” প্রতিষ্ঠালগ্ন (১৯৮৪) থেকে দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প উদ্যোক্তাদের জাতীয় পর্যায়ে প্রতিনিধিত্বকারী বৃহৎ বেসরকারি বাণিজ্য সংগঠন হিসেবে নীতিনির্ধারণী সংলাপ, শিল্প উন্নয়ন কার্যক্রম এবং উদ্যোক্তা সক্ষমতা বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে নাসিব বিভিন্ন সরকারি ও আধা-সরকারি প্ল্যাটফর্মে প্রতিনিধিত্বের মাধ্যমে সরকারি পর্যায়ের নীতিমালা ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে অংশীদারিত্বমূলক ভূমিকা পালন করে আসছে।

আমরা বিশ্বাস করি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে সমন্বিত উদ্যোগের মাধ্যমে **বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে** ক্ষুদ্র উদ্যোক্তাদের সম্পৃক্ত করে পলিথিনের বিকল্প পরিবেশবান্ধব পণ্যের ব্যবহার নিশ্চিত করা সম্ভব। বিশেষ করে সিরাজগঞ্জ, টাঙ্গাইল বা মিরপুরের মতো ঐতিহ্যবাহী তাঁত ও হস্তশিল্পের জেলাভিত্তিক ক্লাস্টার উন্নয়ন, সুলভ মূল্যে কাঁচামাল সরবরাহ এবং আধুনিক ডিজিটাল ডিজাইন সেন্টার স্থাপনের মাধ্যমে এ খাতের প্রযুক্তিগত আধুনিকায়ন ত্বরান্বিত করা প্রয়োজন। ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে রপ্তানি সুবিধা ও আর্থিক প্রণোদনা নিশ্চিত করা গেলে **আন্তর্জাতিক বাজারে আমাদের পণ্যের প্রতিযোগিতা সক্ষমতা বহুগুণ বৃদ্ধি পাবে**। মূলত তরুণ ও নারী উদ্যোক্তাদের জন্য ইনকিউবেশন সেন্টার ও বিশেষ ফান্ডিংয়ের ব্যবস্থা করার মাধ্যমে আমরা যৌথভাবে এই খাতে এক বিশাল কর্মসংস্থান ও সৃজনশীল অর্থনীতি গড়ে তুলতে সক্ষম হব।

পরিশেষে, দেশের **আর্থসামাজিক উন্নয়ন এবং বস্ত্র ও পাট খাতের** টেকসই প্রবৃদ্ধি নিশ্চিতকল্পে ভবিষ্যতে আপনার মন্ত্রণালয়ের সাথে অংশীদারিত্বমূলকভাবে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করছি। আশা করি, দেশের প্রান্তিক ও ক্ষুদ্র উদ্যোক্তাদের এই বৃহৎ খাতে **আপনার সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে**।

বিনীত শুভেচ্ছান্তে,

মির্জা মাসুদুর রহমান

আহবায়ক, সংস্কার কমিটি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) ও

নির্বাচন সমন্বয়ক,

নির্বাচন পরিচালনা কমিটি – ২০২৬, ফুলগাজী উপজেলা

বিএনপি, নির্বাচনী এলাকা-২৬৫, ফেনী-০১ আসন

মির্জা নূরুল গণী শোভন

সভাপতি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

কেন্দ্রীয় পরিচালনা পর্যদ